কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon , Logo ,Newspaper ,Book , Magazine & other.
9836753622





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 31 MARCH 2026 ,TUESDAY | ৩১ মার্চ ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-119


## বন কর্মীদের অভিযানে ভেস্তে গেলো বাঁশের আড়ালে বহুমূল্য বার্মিজ সেগুন কাঠ পাচারের ছক




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ মার্চ :** বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্প পূর্ব বিভাগের কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জের কর্মীদের অভিযানে ভেস্তে গেলো বাঁশের আড়ালে বহুমূল্য বার্মিজ সেগুন কাঠ পাচারের ছক। জানা গেছে রবিবার রাতে মোবাইল রেঞ্জের কর্মীরা গোপন সুত্রে খবর পান হরিয়ানা নম্বরের একটি ট্রাকে বাঁশের আড়ালে বহুমূল্য বার্মিজ সেগুন কাঠ পাচার হচ্ছে। খবর পেয়ে মোবাইল রেঞ্জের রেঞ্জার রাজকুমার শাউ এর নেতৃত্বে রেঞ্জের কর্মীরা অভিযান শুরু করেন। তারা সাতাশ নম্বর জাতীয় সড়কের ঘোড়ামাড়া চৌপথিতে নির্দিষ্ট ট্রাকটিকে আটক করে তল্লাশী চালান। তল্লাশীতে ট্রাকে বোঝাই করা বাঁশের আড়াল থেকে উদ্ধার হয় ছয়শো ঘনফুট বার্মিজ সেগুন কাঠ। আনুমানিক বাজার মূল্য কুড়ি লক্ষ টাকা। তল্লাশী চলার সময় গাড়ির চালক সুযোগ বুঝে পালিয়ে যায়। বন কর্মীরা কাঠ সহ ট্রাকটিকে বাজেয়াপ্ত করে রেঞ্জ অফিসে নিয়ে আসেন। তাদের অনুমান এই কাঠ অসম থেকে উত্তরপ্রদেশে পাচার করা হচ্ছিলো। পলাতক চালকের সন্ধানে তল্লাশী জারী রেখেছেন বন কর্মীরা।

## জাতীয় পতাকা হাতে পথ অবরোধ করে বিক্ষোভ ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়াদের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৩০ মার্চ :** চুড়ান্ত ভোটার তালিকায় নেই নাম, জাতীয় পতাকা হাতে নিয়ে বিক্ষোভ নাম না থাকা মানুষদের। সোমবার কোচবিহার জেলার দিনহাটা দুই নম্বরব্লকের বামনহাট,চৌধুরীহাট, নয়ারহাট সহ বিভিন্ন এলাকা ভোটার তালিকায় নাম বাদ পড়া মানুষদের বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে। বিক্ষোভকারীরা জানান সাপ্লিমেন্টারী ভোটার তালিকায় তাদের নাম বিবেচনাধীন ছিলো। দু তিনবার তারা শুনানিতে হাজির হয়ে প্রয়োজনীয় নথিপত্র জমা দিয়েছেন। তারপর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ জলে তারা দেখেন তাদের নাম ডিলিট হয়েছে। তাদের প্রশ্ন বাপ ঠাকুর্দার নাম অনেক আগে থেকেই নির্বাচক তালিকায় আছে তাদের নিজেদের নামও দুহাজার দুই এর আগের নির্বাচক তালিকায় আছে। এরপরও তাদের নাম বাদ গেলো কেন এর জবাব নির্বাচন কমিশনকে দিতে হবে। তাদের দাবি ভোটের আগে তাদের নাম নির্বাচক তালিকায় তোলার ব্যবস্থা নির্বাচন কমিশনকে করতে হবে। অবরোধের খবর পেয়ে সংশ্লিষ্ট থানার পুলিশ অবরোধ স্থলে পৌঁছে অবরোধকারীদের সাথে কথা বলে অবরোধ তুলে দেয়।





# ব্যাপক হয়রানি আলিপুরদুয়ার প্রশাসনিক ভবনে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ মার্চ :** সকাল থেকেই লম্বা লাইন আলিপুরদুয়ার জেলাশাসকের দপ্তরে। নানা ধরনের হয়রানির মুখে পড়তে হয়েছে এস আই আর প্রক্রিয়ায় ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ার পরেই। চরম ভোগান্তির অভিযোগ উঠেছে একাধিক ভুক্তভোগীর কাছ থেকে। ভোটারদের অভিযোগ দপ্তরে এসে কোন নির্দেশিকা বা সহায়তা না পেয়ে তাদের দীর্ঘক্ষন লাইনে দাঁড়িয়ে থাকতে হচ্ছে। অনেক ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার পরও সঠিকভাবে তা গ্রহণ হচ্ছে না বলে অভিযোগ উঠেছে। জানা গেছে সকাল থেকে জেলার বিভিন্ন প্রান্ত থেকে বহু মানুষ জেলা শাসকের দপ্তরে ভিড় জমান। তাদের দাবি এস আই আর চলাকালীন যথাযথ তথ্য থাকা সত্ত্বেও হঠাৎ করেই তাদের নাম ভোটার তালিকা থেকে বাদ হয়ে গেছে। ফলে আসন্ন বিধানসভা নির্বাচনে নিজেদের ভোটাধিকার প্রয়োগ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে তাদের। যদিও প্রশাসনিক কর্তারা বলছেন নির্দিষ্ট নিয়ম মেনে কাজ হচ্ছে। যাদের নাম বাদ পড়েছে তারা নির্ধারিত পদ্ধতিতে আবেদন করলেই তার খতিয়ে দেখা হবে। তবে এস আই আর হওয়ার দরুন ভোটারদের নাম ভোটার তালিকা থেকে বাদ হয়ে যাওয়ায় বড় ধরনের আন্দোলন হতে পারে ভোটারদের পক্ষ থেকে এমনটাও ইঙ্গিত দিলেন ভোটাররা আলিপুরদুয়ারে।

# ৯০ জনের নাম বাতিল আলিপুরদুয়ার প্রমোদ নগরে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ মার্চ :** আলিপুরদুয়ার পুরসভার ১৮ নম্বর ওয়ার্ড অর্থাৎ প্রমোদনগর ২৩৪ নম্বর বুথে ৯০ জনের নাম বাতিল হয়ে গেছে। এর মধ্যে ৭৯ জন রয়েছেন সংখ্যালঘু সম্প্রদায়ের বাসিন্দা। একটি বুথেই ৯০ জনের নাম বাদ হয়ে যাওয়ায় পরেই আলোচনার বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে আলিপুরদুয়ার জেলা শহরে। এলাকার কাউন্সিলর অরুপা রায় তিনি ক্ষোভে হেঁটে পড়ছেন। তিনি বললেন তার বুথে প্রচুর পরিমাণে সংখ্যালঘু সম্প্রদায়ের ভোটার রয়েছে। তাই টার্গেট করে এই সংখ্যালঘু সম্প্রদায়ের ভোটারদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হচ্ছে। এটা গণতান্ত্রিক রাষ্ট্র । সকলের ভোটাধিকার থাকা উচিত। আজকের দিনে এই সংখ্যালঘু সম্প্রদায়ের ভোটারদের ভোটে জিতেই মসনদে বসেছেন নেতা-মন্ত্রীরা। প্রশ্ন উঠেছে বৈধ ভোটারদের নাম কিভাবে বাদ দেওয়া হল ? তবে তিনি বিষয়টি নিয়ে বসে নেই তিনিও হাঁটছেন কি করে ভোটারদের নাম ভোটার তালিকায় তোলা যায়।

# নির্মান হচ্ছেনা দাবি অনুসারে রাস্তা, কাজ বন্ধ করে দিলেন বাসিন্দারা



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ মার্চ :** আলিপুরদুয়ার পৌরসভার চার নম্বর ওয়ার্ডের পাওয়ার হাউজ পুকুর পাড়ায় বাসিন্দাদের দাবিমতো রাস্তা তৈরি না হওয়ায় রাস্তার কাজ বন্ধ করে দিলেন বাসিন্দারা। তারা জানান এই এলাকায় দীর্ঘদিন ধরে পাকা রাস্তার দাবি জানিয়ে আসছিলেন বাসিন্দারা। পাকা রাস্তা না থাকায় জলকাদা ভেঙ্গেই তাদের যাতায়াত করতে হয়। বছর খানেক আগে স্থানীয় কাউন্সিলর বাসিন্দাদের জানান দুশো মিটার দীর্ঘ এই  রাস্তাটি বারো ফুট চওড়া করে পাকা করা হবে। তার জন্য জমি প্রয়োজন। কাউন্সিলরের কথা শুনে বাসিন্দারা সকলেই রাস্তার জন্য প্রয়োজনীয় জায়গা ছেড়ে দেন। রবিবার সকালে পৌরসভার উদ্যোগে রাস্তা তৈরির কাজ শুরু করে বরাতপ্রাপ্ত ঠিকাদারের লোকজন। দুপুর নাগাদ বাসিন্দারা জানতে পারেন রাস্তাটি দশ ফুট চওড়া করে নির্মান করা হবে। এই খবর জানার পর তারা কাউনসিলরের সাথে যোগা্যোগের চেষ্টা করেও যোগাযোগ করতে পারেননি।বাসিন্দারা রাস্তা তৈরির কাজ বন্ধ করে দেন। তাদের দাবি রাস্তা বারো ফুট চওড়া করেই তৈরি করতে হবে। ভোটের আগে রাস্তা তৈরি না হলে তারা ভোট বয়কট করবেন বলে জানান বাসিন্দারা। এ বিষয়ে পৌর সভার কাউনসিলরের বক্তব্য পাওয়া যায়নি।



# ভিডিও কল করে নিজের মাথায় নিজেই গুলি চালিয়ে আত্মঘাতী যুবক ,চাঞ্চল্য এলাকায়




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৩০ মার্চ :** মালদহ জেলার কালিয়াচক থানার জালুয়াবাথান অঞ্চলের শ্রীরামপুর এলাকার এক যুবক রবিবার রাতে বাড়ি থেকে পাঁচশো মিটার দূরে এক মাঠে দাঁড়িয়ে বাবা মাকে ভিডিও কল করে নিজেই নিজের মাথায় গুলি চালিয়ে আত্মঘাতী হয়। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মৃত যুবকের নাম আবদুল জব্বার(২০),পিতার নাম মোয়াজেম শেখ। বাবা পেশায় বিড়ি শ্রমিক,মৃত যুবকও বাবার সাথে বিড়ি শ্রমিকের কাজ করতো। পরিবার সূত্রে জানা গেছে রবিবার রাতে যুবক বাড়ি থেকে বেরিয়ে যায়। বাড়ির থেকে পাঁচশো মিটার দূরে একটি মাঠে দাঁড়িয়ে বাড়িতে মা ও বাবাকে ভিডিও কল করে নিজের মাথায় নিজেই গুলি চালায়। ভিডিও দেখে বাড়ির লোকজন ঘটনাস্থলে পৌঁছে যুবককে মাঠে গুলিবিদ্ধ অবস্থায় পড়ে থাকতে দেখে কালিয়াচক থানায় খবর দেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায়। আত্মহত্যার কারন জানা যায়নি। যুবক আগ্নেয়াস্ত্র কিভাবে কোথা থেকে পেয়েছে তা খতিয়ে দেখছে পুলিশ। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# উদ্ধার চুরি যাওয়া স্কুটি, গ্রেপ্তার এক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৩০ মার্চ :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের আশিঘর পুলিশ ফাঁড়ির কর্মীরা সোমবার একটি চুরি যাওয়া স্কুটি উদ্ধার করে ও চুরির অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। জানা গেছে দুহাজার পঁচিশ সালের নভেম্বর মাসের বারো তারিখ আশিঘর পুলিশ ফাঁড়ির অন্তর্গত বঙ্কিমনগরের একটি কারখানার সামনে থেকে এক ব্যক্তির স্কুটি চুরি হয়। স্কুটির মালিক সেদিনই আশিঘর ফাঁড়িতে চুরির অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করে ও তদন্ত জারী রাখে। সোমবার আশিঘর ফাঁড়ির পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে সোমবার ভোরের আলো থানার অন্তর্গত কৃষ্ণনগর কলোনীতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় চুরি যাওয়া স্কুটিটি। পুলিশ আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে আদালতে পাঠায়। ধৃতের নাম মনোজ দাস(২৯)। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |